

## প্রশ্নপত্র কেন্দ্রে নিতে সঙ্গে থাকবেন ম্যাজিস্ট্রেট

স্টাফ রিপোর্টার || আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষায় প্রশ্নপত্র ট্রেজারি থেকে কেন্দ্রে নিয়ে পরীক্ষা শুরু হওয়া পর্যন্ত একজন ম্যাজিস্ট্রেট বা সমর্যাদার কর্মকর্তা সঙ্গে থাকবেন।

মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিবের অফিস কক্ষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলমের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোহাম্মদ সোহরাব হোসাইনের বৈঠকে এ সিদ্ধান্ত হয়েছে। আগামী ২ এপ্রিল এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে ও নকলমুক্ত পরীক্ষা অনুষ্ঠানে সরকারের মাঠপর্যায়ের কর্মকর্তাদের সতর্কতার সঙ্গে দায়িত্ব পালনে মন্ত্রিপরিষদ বিভাগের বিশেষ সহযোগিতা চেয়েছেন শিক্ষা সচিব।

দুপুর সাড়ে ১২টা থেকে প্রায় এক ঘণ্টা বৈঠকের পর শিক্ষা সচিব সাংবাদিকদের জানান, প্রশ্নপত্র ফাঁসমুক্ত পরীক্ষা অনুষ্ঠানে বেশকিছু বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ সচিব পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন। শিক্ষা সচিব বলেন, প্রশ্নপত্র ট্রেজারি থেকে কেন্দ্রে নিয়ে পরীক্ষা শুরু হওয়া পর্যন্ত একজন ম্যাজিস্ট্রেট বা সমর্যাদার কর্মকর্তা সঙ্গে থাকবেন। ম্যাজিস্ট্রেটসহ দায়িত্বশীল তিনি কর্মকর্তার উপস্থিতি ব্যতীত প্রশ্নপত্রের খামের নিরাপত্তা ট্যাগ খোলা যাবে না। কোন অবস্থাতেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন করা যাবে না। কোন অসঙ্গতি দেখা দিলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকেই জবাবদিহি করতে হবে।

সোহরাব হোসাইন আরও বলেন, পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে প্রশ্নপত্রের সেট কোড ঘোষণা করা হবে। কোন অবস্থাতেই এর আগে সেটে কোড ঘোষণা করা যাবে না। প্রশ্নপত্র ফাঁস ঠেকানো ও নকলমুক্ত পরীক্ষা অনুষ্ঠানে সব বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে বিশেষ পদক্ষেপ নিতে চিঠি দেবেন মন্ত্রিপরিষদ সচিব। পরীক্ষার আগেই সব বিভাগীয় কমিশনার স্ব বিভাগের সব জেলা প্রশাসক, ইউএনওসহ পরীক্ষায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে বিশেষ সভা করবেন। সভায় পরীক্ষা অনুষ্ঠানে যথাযথ দায়িত্ব পালনের নির্দেশনা দেবেন। একইভাবে সব ইউএনও নিজ নিজ উপজেলার পরীক্ষায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে বিশেষ বৈঠক করবেন।

পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে ১৪৪ ধারা কঠোরভাবে প্রয়োগেও আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি নির্দেশনা দেয়া হবে। সচিব জানান, পরীক্ষার্থীকে আধিক্য আগে আসন গ্রহণ নিশ্চিত করতে হবে। এরপর কেউ আসলে কোন অবস্থাতেই কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। কেন্দ্র সচিব এ বিষয়টি নিশ্চিত করবেন। দায়িত্বপ্রাপ্ত ছাড়া কেউ কেন্দ্রে প্রবেশ ও কেন্দ্রে মোবাইল ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা হবে। একাধিক প্রশ্ন সেট থাকলেও সেট কোড ঘোষণার আগ পর্যন্ত যাতে কোন সেটই কেউ দেখতে না পাবে তা নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

**সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।**

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।  
সম্পাদক কর্তৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ  
৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইকাটন,  
জিপিও বাঁকা: ৩০৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্সিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩০৫  
ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com)  
ই-জনকন্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)